



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নভেম্বর/২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জাকির হোসেন পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও টিম লিডার, এপিএ টিম।
সভার তারিখ	২৩-১১-২০২০ ইং
সভার সময়	সমবার, বিকাল ৩:৩০ ঘটিকায়
স্থান	হাইড্রোকার্বন ইউনিট, মিনি কনফারেন্স রুম।
উপস্থিতি	ক) জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পেরিকল্পনা ও পিএসসি) সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট, এপিএ টিম। খ) জনাব শিহাব মাহমুদ, সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), সদস্য, এপিএ টিম গ) জনাব দেবব্রত দাস, সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), সদস্য, এপিএ টিম, ঘ) জনাব এম.আলাউদ্দিন আল আজাদ, সহকারী পরিচালক (অপারেশন), সদস্য, এপিএ টিম।

২.০। আলোচনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে এপিএ টিমের সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পেরিকল্পনা ও পিএসসি) সভার কার্যপত্র উপস্থাপনা করেন। তিনি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অক্টোবর/২০২০ মাসের এপিএ বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরে বলেন যে, নভেম্বর ২০২০ পর্যন্ত মোট ৩টি সেমিনার করা হয়েছে। ডিসেম্বর ২০২০ এর মধ্যে ০৪ টি সেমিনার করার বাধ্যবাধকতা রয়েছে। সভাপতি অত্র অফিসের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) চলতি মাসের বাস্তবায়ন সম্পর্কে আলোচনা করে বলেন মাসিক গ্যাস এবং কয়লা মজুদ ও উৎপাদনের প্রতিবেদন সঠিক সময়ে করতে হবে। আগামী ডিসেম্বর এর মাঝামাঝি সময়ে একটি সেমিনার আয়োজন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর প্রমাণক সমূহ সংরক্ষণ এবং প্রকিউরমেন্ট এর উপর অভ্যন্তরীণ প্রশিক্ষণের আয়োজনের ব্যাপারে আলোচনা হয়।

২.২ সভাপতি গ্যাস এবং কয়লা মজুদ ও উৎপাদনের মাসিক প্রতিবেদন যথাসময়ে প্রস্তুত সহ ওয়ার্কসপ/ সেমিনার, গবেষণা/স্টাডি, ই-নথির বাস্তবায়ন, অভ্যন্তরীণ প্রশিক্ষণ সহ অন্যান্য বিষয় যথাসময়ে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। পরিশেষে, সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩.০। সিদ্ধান্তঃ

ক) অত্র মাসে অক্টোবর ২০২০ মাসের গ্যাস এবং কয়লা মজুদ ও উৎপাদনের মাসিক প্রতিবেদন প্রস্তুতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ) অত্র মাসে একটি ওয়ার্কসপ/ সেমিনার আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.০। সভায় আর কোন বিষয় না থাকায় কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জাকির হোসেন

পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও টিম লিডার,
এপিএ টিম।

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩২.০০১.১৭.২৮৬

তারিখ: ৯ অগ্রহায়ণ ১৪২৭

২৪ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ধাকা-১০০০।

২) অফিস কপি।

মোঃ জাকির হোসেন

পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও টিম লিডার,
এপিএ টিম।